**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 10 April 2025** **TIME: 7:35 AM**

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ ঘোষণা করা হবে না ।

রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল রাতে সামাজিক মাধ্যমে জানান যে বিভিন্ন সংবাদ মাধ্যমে আজ ফলাফল ঘোষনা করার কথা জানানো হলেও রাজ্যের শিক্ষা বিভাগ এ সম্পর্কে এখনো কোন সিদ্ধান্ত গ্রহন করে নি । ফলাফল প্রস্তুত হওয়ায় সঙ্গে সঙ্গে তা জানানো হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বস্থ করেছেন ।

---

রাজ্যে আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের জন্য বিভিন্ন জেলায় প্রার্থীদের মনোনয়ন জমা করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে । পঞ্চায়েত নির্বাচনের জন্য আগামীকাল মনোনয়ন পত্র জমা করার শেষ দিন ।

এদিকে কাছাড় জেলা বিজেপি ইতিমধ্যে আঞ্চলিক পঞ্চায়েতের ১৩৮ জনের প্রথম প্রার্থী তালিকা ঘোষণা করেছে ।

---

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা কমিটি গতকাল জেলার পাঁচটি জেলা পরিষদ আসনের প্রার্থী তালিকা ঘোষনা করেছে । দলের পক্ষ থেকে জানানো হয়েছে যে কাটলিছড়া আসনে পম্পী দাস , ধলাছড়া-বরুনছড়া আসনে বিপ্লব অবন্তী , উমেদনগর-রাজ্যেশ্বরপুর আসনে অঞ্জন নাথ মজুমদার , কালিনগর পাইকান মহিলা আসনে বেবী চন্দ এবং আলগাপুর -কান্চনপুর আসনে চৌধুরী চরন গৌড়কে প্রার্থী করা হয়েছে । হাইলাকান্দি জেলার ৮টি জেলা পরিষদ আসনের মধ্যে তিনটি আসন মিত্র জোট অসম গণ পরিষদ দলকে দেওয়া হয়েছে । এদিকে বি জেপির পক্ষ থেকে ২২টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের প্রার্থী তালিকাও গতকাল প্রকাশ করা হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলার লাইসেন্স প্রাপ্ত সব ধরনের আগ্নেয়াস্ত্র মালিকদের আগামী ১৭ই এপ্রিলের মধ্যে নিকটবর্তী থানায় আগ্নেয়াস্ত্র জমা দিতে নির্দেশ দিয়েছেন । নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্য্যন্ত এই আগ্নেয়াস্ত্রগুলি থানায় নিরাপদ হেফাজতে রাখা হবে ।

এদিকে গ্রাম পঞ্চায়েত নির্বাচনের জন্য দু জন পর্য্যবেক্ষক আজ হাইলাকান্দি আসছেন । রাজ্যের উন্নয়ন বিভাগের অতিরিক্ত সচিব বিপুল শইকিয়া এবং মৎস্য বিভাগের যুগ্ম সচিব প্রশান্ত বরকাকতি পর্য্যবেক্ষক হিসেবে আজ থেকে হাইলাকান্দিতে অবস্থান করবেন ।

---

শ্রীভূমি জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক তথা নির্বাচনী ব্যয় পর্য্যবেক্ষন কোষের ভারপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞপ্তীতে নির্বাচনী ব্যয় পর্য্যবেক্ষন কোষের যাবতীয় কার্য্যবলী সুষ্ঠ ও যথাযথভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে চার জন কর্মকর্তাকে নিয়ে নির্বাচন সংক্রান্ত ব্যয় পর্য্যবেক্ষক ও হিসাব রক্ষনা-বেক্ষন সংক্রান্ত একটি দল গঠন করেছেন । এই দলে রয়েছেন বিজয়কৃষ্ণ গোস্বামী , বীরেশ্বর দেশমূখ্য , নজরুল ইসলাম তাপাদার এবং সত্যজিৎ দাস ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি সম জেলার নির্বাচনী পর্য্যবেক্ষক সাজ্জাদ আলম আজ শ্রীভূমি শহরে আসছেন । উল্লেখ্য শ্রী আলমের গতকাল আসার কথা ছিল । পাশাপাশি পর্য্যবেক্ষকের প্রটোকল আধিকারীক হিসেবে এল প্রকাশ সিংহের পরিবর্তে পাথারকান্দি খন্ড উন্নয়ন আধিকারীক কার্য্যলয়ের বি পি এম বিজয় দেবকে দায়িত্ব দেওয়া হয়েছে ।

---

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে  বরাক উপত্যকার তিন জেলায় গতকাল থেকে অসমী বৈশাখী মেলা শুরু হয়েছে ।

জীবিকা মিশনের কাছাড় জেলা শাখার উদ্যোগেও গতকাল থেকে শিলচর ডাক বাংলো প্রাঙ্গনে অসমী বৈশাখী মেলা শুরু হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই মেলার উদ্বোধন করেন ।  মেলা আগামী ১২ই এপ্রিল পর্য্যন্ত চলবে ।

জীবিকা মিশনের শ্রীভূমি জেলা শাখার উদ্যোগেও শ্রীভূমি শহরে থেকে অসমী বৈশাখী মেলা শুরু হয়েছে ।

---

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের হাইলাকান্দি শাখার উদ্যোগে গতকাল থেকে হাইলাকান্দি টাউন হলে অসমী বৈশাখী মেলা শুরু হয়েছে । জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রুথ লিয়াংথাং এই মেলার উদ্বোধন করেন । মেলায় আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যদের দ্বারা উৎপাদিত সামগ্রীর প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা করা হয়েছে । এই মেলা আগামী ১২ই এপ্রিল পর্য্যন্ত চলবে ।
ডিমাহাসাও জেলার হাফলং-এ ও অসমী বৈশাখী মেলা শুরু হয়েছে।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং আসাম বিশ্ববিদ্যলয়ের সমাজ কর্ম বিভাগের সহযোগীতায় গত মঙ্গলবার শিলচর কালীবাড়ি চর এলাকায় উদ্যোক্তা সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । সচেনতা সভার উদ্দেশ্যে ব্যাখ্যা করেন শাহিদ এ চৌধুরী । সভায় সরকারের সুকন্যা সমৃদ্ধি যোজনা , প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা , অটল পেনশন যোজনা , প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা সহ যুবক ও মহিলাদের আত্ম-নির্ভর করার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় ।

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা ,বাকস আয়োজিত মিডিয়া ক্রিকেট ফেষ্টের আজকের প্রথম খেলায় অটল প্রেস ফাইটারর্স মুখোমুখি হবে শিলচর নিউজ রকার্স-এর  এবং দিনের দ্বিতীয় খেলায় প্যারামাউন্ট মিডিয়া প্যানথার্স মুখোমুখি হবে নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স-এর ।

শলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে গতকাল  অটল প্রেস ফাইটার আট রানে  হাইলাকান্দি খবর হিরোজ দলকে পরাজিত করে । অন্যদিকে দিনের দ্বিতীয় খেলায় বরাক বুলেটিন প্রেস স্ট্রাইকারস নববার্তা মিডিয়া ওয়ারিয়র্সকে ২৩ রানে পরাজিত করে ।

---

---